

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৩৮৩৮

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ হজে আরাফায় অবস্থান ফরয হওয়া প্রসঙ্গে বর্ণনা

ذَكَرُ مَا يَجِبُ عَلَى الْمَرْءِ مِنَ الْوُقُوفِ بِعَرَفَاتٍ فِي حَجِّهِ

আরবী

3838 - أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ بْنُ جُبَيْرٍ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا زِيَادُ بْنُ أَيُّوبَ الطُّوسِيُّ قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ بْنُ عُيَيْنَةَ عَنْ عَمْرِو بْنِ دِينَارٍ سَمِعَ مُحَمَّدَ بْنَ جُبَيْرِ بْنِ مُطْعِمٍ عَنْ أَبِيهِ قَالَ: أَضَلَلْتُ بَعِيرًا لِي فَذَهَبْتُ أَطْلُبُهُ بِعَرَفَةَ فَرَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِعَرَفَةَ وَاقِفًا مَعَ النَّاسِ فَقُلْتُ: وَاللَّهِ إِنَّ هَذَا لَمِنَ الْحُمُسِ فَمَا شَأْنُهُ وَاقِفًا هَاهُنَا.
الراوي : أَبُو بَكْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3838 | خلاصة حكم المحدث: صحيح: ق.

বাংলা

৩৮৩৮. জুবাইর বিন মুতইম রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “একবার আমি আমার উটটি হারিয়ে ফেলি। ফলে আমি আরাফায় সেটা খুজতে যাই। অতঃপর আমি সেখানে গিয়ে দেখতে পাই যে, আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আরাফায় লোকদের সাথে অবস্থান করছেন। তখন আমি বললাম, “আল্লাহর কসম, ইনি তো হুমসের অন্তর্ভুক্ত, তাহলে তাঁর কী ব্যাপার হলো যে, তিনি এখানে অবস্থান করছেন?”[1]

ফুটনোট

[1] হুমাইদী: ৫৫৯; দারেমী: ২/৫৬; সহীহল বুখারী: ১৬৬৪; সহীহ মুসলিম: ১২২০; নাসাঈ: ৫/২৫৫; তাবারানী আল কাবীর: ১৫৫৬; সুনান বাইহাকী: ৫/২৫৫; হাকিম: ১/৪৮২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৩৮৩৬)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ জুবায়র ইবনু মুত'ইম (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93177>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন